

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ নির্জনে ইবাদত করা ফযিলতগতভাবে আল্লাহর রাস্তায় জিহাদের পরেই মর্যাদা রাখে

ذِكْنُ الْبَيَانِ بِأَنَّ الْاعْتِزَالَ فِي الْعِبَادَةِ يَلِي الْجِهَادَ فِي سَبِيلِ اللَّهِ فِي الْفَضلْ

আরবী

604 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ أَنَّ بُكَيْرًا حَدَّتَهُ عَنْ عَطَاءِ بْنِ يَسَارٍ عَنِ ابْنِ عَبَّاسٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (أَلَا أُخْبِرُكُمْ بِخَيْرِ النَّاسِ؟ إِنَّ خَيْرَ النَّاسِ رَجُلٌ يُصْوَلِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ قَالَ: (أَلَا أُخْبِرُكُمْ بِإِلَّذِي يَتْلُوهُ؟ رَجُلٌ مُعْتَزِلٌ فِي غَنَمِهِ رَجُلٌ يُمْسِكُ بِعِنَانِ فَرَسِهِ فِي سَبِيلِ اللَّهِ وَأُخْبِرُكُمْ بِالَّذِي يَتْلُوهُ؟ رَجُلٌ مُعْتَزِلٌ فِي غَنَمِهِ يُو عَنَمِهِ يَوْ سَبِيلِ اللَّهِ وَأُخْبِرُكُمْ بِاللَّذِي يَتْلُوهُ؟ رَجُلٌ مُعْتَزِلٌ فِي غَنَمِهِ يُولِ النَّاسِ رَجُلٌ يُسْأَلُ بِاللَّهِ وَلَا يُعْطِي به.) يُودِّي حَقَّ اللَّهِ فِيهَا وَأُخْبِرُكُمْ بِشِرِّ النَّاسِ رَجُلٌ يُسْأَلُ بِاللَّهِ وَلَا يُعْطِي به.) الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 604 اخلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৬০৪. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাছ আনহুমা থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "আমি কি তোমাদেরকে মানুষের মাঝে উত্তম ব্যক্তি সম্পর্কে জানাবো না?" রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "মানুষের মাঝে উত্তম ঐ ব্যক্তি যিনি আল্লাহর রাস্তায় তার ঘোড়ার লাগাম ধরে থাকেন। আমি কি তোমাদের বলবো যে, (উত্তমতার দিকদিয়ে) তারপরের অবস্থানে কে রয়েছেন?" রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তিনি হলেন ঐ ব্যক্তি যিনি তার ছাগলের পাল নিয়ে বিচ্ছিন্ন হয়ে জীবন-যাপন করেন; সেখানে তিনি আল্লাহর হক আদায় করেন। আমি কি তোমাদেরকে মানুষের মাঝে নিকৃষ্ট লোক সম্পর্কে জানাবো?" রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম বলেন: "সে হলো ঐ ব্যক্তি যার কাছে আল্লাহর নামে কিছু চাওয়া হয় কিন্তু সে তা দেয় না।"[1]

ফুটনোট



[1] তিরমিযী: ১৬৫২; মুয়াত্তা ইমাম মালিক: ২/৪৪৫।

আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ২৫৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন